

الْمَجِيدِ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৪৯ তম নাম 'الْمَجِيدِ' আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় 'الْمَجِيدِ' শব্দের মূল ۱ - ج - م , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে মাত্র ৪ বার এসেছে। আল্লাহ الْمَجِيدِ অর্থ: 'তিনি মহাসম্মানিত'। الْمَجِيدِ এর মধ্যে তিনটি গুণ সংমিশ্রিত। الْجَلِيلِ অর্থ: মহিমান্বিত, الْكَرِيمِ অর্থ: উদার মহানুভব, الْوَهَّابِ অর্থ: মহাদাতা-সর্বশ্রেষ্ঠ দাতা।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

ইব্রাহিমের স্ত্রীকে যখন পুত্র সন্তান লাভের সুসংবাদ আল্লাহর পক্ষ থেকে ফেরেশতারা দিলেন, তখন সে বলল: এটা বিস্ময়কর ব্যাপার, আমি বৃদ্ধা এবং আমার স্বামী বৃদ্ধ তখন ফেরেশতারা বলল -

قَالُوا أَتَعْجَبِينَ مِنْ أَمْرِ اللَّهِ رَحْمَةً اللَّهِ وَبَرَكَاتِهِ عَلَيْكُمْ أَهْلَ الْبَيْتِ إِنَّهُ حَمِيدٌ مَّجِيدٌ ﴿٧٣﴾

তারা বললো, আপনি কি আল্লাহর সিদ্ধান্তের ব্যাপারে বিস্ময়বোধ করছেন? হে আহলে বাইত (হে ঘরবাসী)! এটা তো আপনাদের প্রতি আল্লাহর রহমত এবং বরকত। নিশ্চয়ই তিনি সপ্রশংসিত, সম্মানিত। (সূরা হুদ:

আয়াত নং ৭৩)

ق وَالْقُرْآنِ الْمَجِيدِ ﴿١﴾

কাফ, সম্মানিত কোরআনের শপথ। (সূরা কাফ: আয়াত নং ১)

ذُو الْعَرْشِ الْمَجِيدِ ﴿١٥﴾

মহিমান্বিত আরশের অধিপতি। (সূরা আত্ তারিক: আয়াত নং ১৫)

بَلْ هُوَ قُرْآنٌ مَّجِيدٌ ﴿١٤﴾

তবে এ এক মহিমা মণ্ডিত কোরআন। (সূরা আত্ তারিক: আয়াত নং ১১)

সালাতে আমরা ‘ছানা’ পড়ি -

سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ. تَبَارَكَ اسْمُكَ وَتَعَالَى جَدُّكَ. وَلَا إِلَهَ غَيْرُكَ -

‘হে আল্লাহ! তুমি পবিত্র, সমস্ত প্রশংসা তোমার, অতিশয় মহান কল্যাণময় তুমি, তোমার মর্যাদা সুউচ্চ, তুমি ছাড়া অন্য কেহ ইলাহ নেই’।

প্রিয় ভাই ও বোনেরা! আসুন, মহাসম্মানিত, উদার, মহানুভব, মহিমাম্বিত আরশের অধিপতি আল্লাহ প্রেরিত, মহিমাম্বিত, সম্মানিত আল কোরআনের নির্দেশ মোতাবেক আমাদের জীবনকে পরিচালিত করি।

পবিত্র গ্রন্থ আল কোরআন তেলাওয়াত করার, বুঝবার, সেই মোতাবেক সমস্ত কাজ পরিচালিত করার তৌফিক আল্লাহ আমাদের দিন। আল্লাহর সাথে কাউকে শরিক না করি। কারণ শিরকের গুনাহ আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহা।